

32

তারিখ ... 3.0. JAN 1996

পৃষ্ঠা: ৩২ কলাম ৭

ইসলামিক বিশ্ববিদ্যালয়

দৈনিক ইত্তেফাক

ইসলামী বিশ্ববিদ্যালয়ে

উত্তেজনা

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদ-
দাতা ॥ কঠোর নিরাপত্তা ব্যব-
স্থার মধ্যেও গতকাল সোমবার
ইসলামী বিশ্ববিদ্যালয়ের চলতি
শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষার তৃতীয়
দিনে ছাত্রদল, ছাত্রলীগ (শা-পা)
ও শিবির কর্তৃক রাজনৈতিক

নিষেধাজ্ঞা অমান্য করিয়া ক্যাম্পাসে
মিছিল-সমাবেশ করায় বিশ্ববিদ্যা-
লয়ের সার্বিক পরিস্থিতির অব-
নতি ঘটয়াছে এবং উত্তেজনা
পার্থু বর্তী এলাকায় ছড়াইয়া
পড়িয়াছে।

গতকাল বেলা বারোটায় ছাত্র
দল কর্মীরা বিশ্ববিদ্যালয়ের প্রধান
গেট ভাঙ্গিয়া ক্যাম্পাসে প্রবেশ করিয়া
মিছিল বাহির করিলে পরিস্থিতির
অবনতি ঘটে। এসময় কর্তব্যরত
পুলিশ নীরব ভূমিকা পালন করে।
(১০ম পৃ: ৪-এর ক: দ্রঃ)

ইসলামিক বিশ্ববিদ্যালয়

(শেষ পৃ: পর)

প্রক্টরিয়াল বডি পরিস্থিতি নিয়ন্ত্রণে
আনিতে ব্যর্থ হইলে ছাত্রলীগ
(শা-পা) ও ছাত্রশিবির পৃথক
পৃথকভাবে মিছিল-সমাবেশ করে।
সমাবেশে ছাত্রলীগ (শা-পা) নেতৃ-
বৃন্দ নিষেধাজ্ঞা ভঙ্গের জন্য ছাত্র
দলকে দায়ী করিয়াছে। শিবির
বিশ্ববিদ্যালয়ের অবনতিশীল পরি-
স্থিতির জন্য ভিসি ও প্রক্টরকে
দায়ী করে। প্রক্টর মো: মোশার-
রাফ হোসেন জানান, গত
রবিবার কয়েকটি ছাত্র সংগঠন
রাজনৈতিক নিষেধাজ্ঞা অমান্য
করিলেও তাহাদের বিরুদ্ধে কোন
প্রকার ব্যবস্থা গ্রহণ না করায় গত-
কাল একই ঘটনার পুনরাবৃত্তি হই-
য়াছে। তবে ক্যাম্পাসে মিছিল
সমাবেশ বন্ধ রাখার আহ্বান জানা-
ইয়া ছাত্র সংগঠনগুলিকে পত্র
দেওয়া হইবে বলিয়া তিনি জানান।

এদিকে নিরাপত্তা ব্যবস্থা
জোরদার করিয়া গতকাল সকাল
১০টায় বিশ্ববিদ্যালয়ের সকল গেট
বন্ধ করিয়া দেওয়া হয়। ফলে শত
শত ছাত্র-ছাত্রী বিশ্ববিদ্যালয়ের
বাহিরে আটকা পড়িয়া যায়। বিকাল
৫টায় একটি গেট খোলা হয়।
ইসলামী বিশ্ববিদ্যালয় সাংবাদিক-
সমিতি সাংবাদিকদের সহিত পুলি-
শের অসৌজন্যমূলক আচরণের
নিন্দা করিয়া প্রয়োজনীয় ব্যবস্থা
গ্রহণের জন্য ভিগির নিকট দাবী
জানাইয়াছে।

অপরদিকে রমজান মাসে
দিনের বেলায় হলের ডাইনিং হল-
সমূহ বন্ধ এবং গতকাল সারাদিন
সকল গেট বন্ধ করিয়া রাখায় বিশ্ব-
বিদ্যালয়ের শতাধিক হিন্দু ছাত্র-
ছাত্রী বিপাকে পড়ে। এ ব্যাপারে
ভিগির সহিত যোগাযোগ করিলে
তিনি রমজান মাসে ভিন্ন ধর্মাবল-
ম্বীদের দায়-দায়িত্ব লওয়া যাইবে
না বলিয়া মন্তব্য করেন।

গত বছর ভর্তি পরীক্ষা চলা-
কালীন ছাত্রদল-শিবির সংঘর্ষে
একজন অভিভাবক নিহত অপর
২০ জন ছাত্র আহত ও সাদাম
হলের শতাধিক কক্ষ ভাঙচুরের
ঘটনা ঘটে। আগামী ১লা ফেব্রু-
য়ারী ভর্তি পরীক্ষা শেষ হওয়ার
কথা।